BRAC INSTITUTE OF GOVERNANCE & DEVELOPMENT

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

CPTU e-GP

জুলাই - সেপ্টেম্বর ২০২০ ■ সংখ্যা ০৮ ■ ত্রৈমাসিক সংবাদ সংকলন

পাবলিক প্রকিউরমেন্ট ওয়াচ

এক নজরে

০২ নাগরিকের আরেকটি বিজয় কিশোরগঞ্জে নাগরিক অভিযোগের ফলে সঠিকভাবে রাস্তা নির্মাণ

০৩ মহামারীতেও প্রাতিষ্ঠিনিকিকরণের পথে এগিয়ে চলেছে বিজিটিএফ আহবায়ক কমিটির সভা অনুষ্ঠিত

BIGD, Brac University
SK Centre, GP, JA/4, Mohakhali
Dhaka 1212

+88 02 5881 0306, 5881 0326

info@bigd.bracu.ac.bd

http://bigd.bracu.ac.bd

প্রসারিত হচ্ছে নাগরিক সম্পৃক্ততার দিগন্ত

— মাহানুল হক

বাংলাদেশ প্রতিবছর বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে যথেষ্ট বিনিয়োগ করে। ধারণা করা হয় প্রতিবছর পাবলিক প্রকিউমেন্টে বাংলাদেশ ৭ বিলিয়ন ডলারেরও বেশি খরচ করে যা সরকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচির ৭০ শতাংশ। নাগরিক সম্পৃক্ততার উদ্দেশ্য, জন-খরচে বহুমুখী অংশীদারিত্বের সংযোগ ঘটিয়ে স্বচ্ছতা, জবাবদিহিতা ও দক্ষতা বৃদ্ধি করা।

শুধুমাত্র এলজিইডিইর চুক্তিসমূহ পর্যবেক্ষণ করলে এই প্রকল্পের মূল উদ্দেশ্যে পরিপূর্ণ হয় না। অভিজ্ঞতা অর্জনের জন্য প্রথম বছর বিআইজিডি ও ব্র্যাক- সিইপি এলজিইডির রাস্তা, প্রাথমিক বিদ্যালয়, সেতু, সাইক্লোন সেন্টার ইত্যাদির নির্মাণ কাজে নাগরিক

সম্পৃক্ততা বাস্তবায়ন করেছে। নাগরিক সম্পৃক্ততা মডেলে ভিন্ন মাত্রা আনতে ভিন্ন ভিন্ন কাজ পর্যবেক্ষণের সিদ্ধান্ত নেওয়া হয়। ২০২০ সালে শিক্ষা প্রকৌশল বিভাগ (ইইডি), জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ (ডিপিএইচই) এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের (বিডব্লিউবিডি) বিভিন্ন প্রকল্পে নাগরিক সম্পৃক্ততা বাস্তবায়নের কাজ শুরু করেছে বিআইজিডি। শুধু তাই নয়, নাগরিক পর্যবেক্ষণের সীমানাকে আরও বিস্তৃত করতে সিটি কর্পোরেশন ও উপকূলীয় এলাকার কাজও হাতে নেওয়া হয়েছে।

যদিও নতুন সংস্থা সংযোজনের কাজটি কোভিড-১৯ এর কারণে বাধাগ্রস্ত হয়েছে। ২০২০ এর মার্চের শেষ থেকে আগস্ট পর্যন্ত কোনো সংস্থারই নতুন কোনো কাজ নাগরিক সম্পৃক্ততায় আনা যায়নি। উন্নয়ন কাজের মধ্যে নব্বই শতাংশ কাজই কোভিডের কারণে বন্ধ হয়ে গিয়েছিল। লকডাউন পরবর্তী সময়ে তাই দ্বিগুণ গতিতে মাঠ পর্যায়ে বাস্তবায়নের কাজ শুরু করা হয়েছে। ২০২০ এর আগস্ট ও সেপ্টেম্বর মাসে এলজিইডি, ডিপিএইচই এবং ইইডি-এর ৫৯ টি কাজ নাগরিক সম্পৃক্ততার আওতায় নিয়ে আসা হয়েছে।

নতুন সংযুক্ত সংস্থাগুলোর কাজগুলো একটু ভিন্ন ধরনের। যেমন, ডিপিএইচই এর ওয়াশ বক, পানি উন্নয়ন বোর্ডের স্লুইচ গেট ইত্যাদি। এগুলো স্কুল বা রাস্তা নির্মাণ থেকে আলাদা হওয়ায় নাগরিক সম্পৃক্ততা গাইডলাইনে সংশ্লিষ্ট সংস্থাসমূহের বিভিন্ন পরামর্শ যুক্ত করা হয়েছে। তবে নাগরিক সম্পৃক্ততা মডেলকে টেকসই করতে চাইলে এই প্রক্রিয়ায় ক্রয়কারী সংস্থাসমূহের স্বেচ্ছাপ্রণোদিতভাবে যুক্ত হওয়ার বিকল্প নেই। নাগরিক সম্পৃক্ততা কার্যক্রমে নতুন নতুন সংস্থা যুক্ত হওয়ায় বিভিন্ন ধরনের নির্মাণ কাজে সম্পৃক্ত হওয়ার সুযোগ বেড়েছে সাধারণ নাগরিকদের।

নাগরিকের আরেকটি বিজয়

কিশোরগঞ্জে নাগরিক অভিযোগের ফলে সঠিকভাবে রাস্তা নির্মাণ

ঘটনাটি ঘটেছে কিশোরগঞ্জের জেলার বাজিতপুর উপজেলার। এই উপজেলার জামতলি টু পিরিজপুর ইউনিয়ন পর্যন্ত রাস্তা পাকাকরণের কাজ চলছিল। কাজটি সঠিকভাবে হচ্ছে কি-না তা পর্যবেক্ষণ করছিলেন স্থানীয় নাগরিক পর্যবেক্ষক দলের সদস্যগণ।

এ বছরের জুলাই মাসের ৪ তারিখ সেই নাগরিক দলের কাছ থেকে অভিযোগ আসে বিআইজিডি মাঠ কর্মকর্তার কাছে। রাস্তা পাকাকরণের কাজের শেষ পর্যায়ে বালু ও ময়লা রাস্তার ওপর থেকে না সরিয়েই রোলিং শুরু করেন ঠিকাদারের নিয়োগকৃত শ্রমিকেরা। নাগরিক পর্যবেক্ষক দলের সদস্যরা এই ঘটনার ছবি তোলেন এবং অভিযোগ জানান বিআইজিডি মাঠ কর্মকর্তা ও সহকারী উপজেলা ইঞ্জিনিয়ারকে।

সহকারী উপজেলা ইঞ্জিনিয়ার বিষয়টি সরেজমিনে পরীক্ষা করে দেখেন এবং অভিযোগের সত্যতা খুঁজে পান। তাৎক্ষণিকভাবে ঠিকাদারকে রাস্তা থেকে বালু ও ময়লা সরিয়ে রোলিংয়ের নির্দেশ দেন। কাজটি সঠিকভাবে না করলে ঠিকাদারকে বিল দেওয়া হবে না বলে জানান তিনি। ঠিকাদার পরে সঠিকভাবে রাস্তার রোলিংয়ের কাজ সম্পন্ন করেছেন।

৭ দিন পর একই রাস্তার আরেকটি জায়গা থেকে আরেকটি অভিযোগ আসে। ১১ জুলাই কয়েকজন নাগরিক ছবিসহ অভিযোগ করেন রাস্তার কাজ শেষের সপ্তাহ না পেরোতেই অল্প বৃষ্টিতেই ভেঙে যাচ্ছে রাস্তাটি। এই অভিযোগের ব্যাপারে তাৎক্ষণিকভাবে ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন উপজেলা প্রকৌশলী।

মহামারীতেও প্রাতিষ্ঠিনিকিকরণের পথে এগিয়ে চলেছে বিজিটিএফ

আহবায়ক কমিটির সভা অনুষ্ঠিত

বাংলাদেশ সরকার দরপত্রদাতা ফোরাম (বিজিটিএফ) প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। জুলাই-সেপ্টেম্বর ২০২০ এ আহবায়ক কমিটির ৭ম সভা অনলাইনে এবং ও ৮ম সভা সামনাসামনি অনুষ্ঠিত হয়। ৭ম অনলাইন সভায় সিপিটিইউ এর মহাপরিচালক মোহাম্মদ শোহেলের রহমান চৌধুরী প্রধান অতিথি এবং সিনিয়র কমিউনিকেশন কলসালটেন্ট শফিউল আলম পর্যবেক্ষক হিসেবে উপস্থিত ছিলেন।

বিজিটিএফের আহবায়ক ও এলজিইডি-র প্রকিউরমেন্ট ইউনিটের নির্বাহী প্রকৌশলী মো. আব্দুস সাত্তার-এর সভায় সভাপতিত্ব করেন। বিসিসিপির সিনিয়র ডেপুটি ডিরেক্টর এবং ডিম্যাপ প্রকল্পের দলনেতা খাদিজা বিলকিস সভা সঞ্চালনা করেন। সভায় আহবায়ক কমিটির সদস্যরা খসড়া মেমোরান্ডাম অব অ্যাসোসিয়েশন (এমওএ) এবং নীতিমালা অনুমোদন করা হয় যা সিপিটিইউ এর চূড়ান্ত অনুমোদনের জন্য পাঠানো হবে। ৮ম সভায় স্বাস্থ্যবিধি মেনে বিজিটিএফ এর আহ্বায়ক, যুগ্ম আহ্বায়কসহ প্রায় সকল সদস্যই অংশগ্রহণ করেন।

সভায় দরদাতা ও ক্রয়কারী সংস্থার প্রতিনিধিরা উপস্থিত থেকে প্রাতিষ্ঠানিক ও আইনি ভিত্তিতে বিজিটিএফ এর কাঠামো তৈরির বিষয়ে মতামত প্রদান করেন। পরীক্ষা-নিরীক্ষার পর বিজিটিএফ-এর জন্য তৈরিকৃত বাংলায় খসড়া মেমোরান্ডাম অব অ্যাসোসিয়েশন (এমওএ)-টি সিপিটিইউ এর চূড়ান্ত অনুমোদনের পর ইংরেজিতে অনুবাদ করা হবে।

বিসিসিপি, বিআইজিডি-র অধীনে দরকারি সাহায্য প্রদান করছে বিজিটিএফকে দরদাতাদের এবং ক্রয়কারী সংস্থাদের জন্যে টেকসই এবং উন্মুক্ত প্ল্যাটফর্ম হিসাবে প্রাতিষ্ঠানিকরণের প্রচেষ্টায়। বিসিসিপির সহায়তায় আহ্বায়ক কমিটি একটি পরিপূর্ণ প্রাতিষ্ঠানিক সমিতি কাঠামোগত মেমোরান্ডাম অফ এসোসিয়াশান (এম ও এ) সাথে, কাজের পরিকল্পনা প্রস্তুত, স্থায়িত্বের জন্যে একটি আইনি কাঠামো নিশ্চিতকরণ এবং একটি নিয়মিত কমিটি তৈরির কাজ করছে।

মাঠ পর্যায়ে নাগরিক সম্পৃক্ততা কার্যক্রম: ত্রৈমাসিক অগ্রগতি কর্মকাণ্ড সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত

কর্মকাণ্ড	সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত
গ্রুপ তৈরি	১২৫
গ্রুপ প্রশিক্ষণ	১২৫
সাইট মিটিং	১৪৪
নাগরিকের অভিযোগ	১৪০
নাগরিক পর্যবেক্ষক গ্রুপের অভিযোগ	১৩৪

কিশোরগঞ্জের কটিয়াদীর পিরিজপুর উচ্চ বিদ্যালয়ের নির্মাণ কাজ সঠিকভাবে হচ্ছে কি না তা পর্যবেক্ষণ করছেন সচেতন নাগরিকেরা।

নাগরিক পর্যবেক্ষক দলের সদস্যের ওরিয়েন্টেশন চলছে নরসিংদীর মনোহরদীতে

বগুড়ার ধুনট উপজেলার ৩য় চিথুলিয়া বালিকা দাখিল মাদ্রাসায় অবহিতকরণ সভায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের উপ সহকারী প্রকৌশলী জনাব মো: আরিফুল ইসলাম নির্মাণ পণ্যের গুণগত মান সম্পর্কে উপস্থিত সাধারণ নাগরিকদের ধারণা দেন

সাতক্ষীরার কালিগঞ্জের সন্ন্যাসীর চক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নির্মাণ কাজের পর্যবেক্ষক দলের সদস্য সংগ্রহ

যশোর সদর উপজেলার রামনগর ইউনিয়নের সতীঘটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণ প্রকল্প নিয়ে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়

বগুড়ার শাজাহানপুর উপজেলার বেজোড়া জিপিএস সাইট মিটিং এ নাগরিকদের অবহিত করেন উপজেলা প্রকৌশলী মো. ইসমাইল হোসেন।

সম্পাদক: **সেলিনা আজিজ** | নির্বাহী সম্পাদক: **ইভান ইকরাম**
বিষয়বস্তু সম্পাদক: **ইনসিয়া খান** | পরিকল্পক: **মুহাম্মদ আব্দুর রাজ্জাক**